রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, সেপ্টেম্বর ৩, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ০৩ সেপ্টেম্বর, ২০২১

নিম্নলিখিত বিলটি ১৯ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ০৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২৪/২০২১

### Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য : টাকা ৪.০০

২। **President's Order No. 46 of 1972 এর Article 4 এর সংশোধন।**—Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 4 এর "Save as provided in Article 7 in respect of the first Bar Council" শব্দগুলির পরিবর্তে "Subject to the provisions of Article 8" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। **President's Order No. 46 of 1972 এর Article 8 এর সংশোধন।**—উক্ত Order এর Article 8 এর পরিবর্তে নিম্নরূপ Article 8 প্রতিস্থাপিত হইবে, যথা:—

"8. (1) Elections to the Bar Council shall be held so as to conclude on or before the thirty first day of May in the year in which the term of the Bar Council expires.

(2) If the elections to the Bar Council cannot be held within the time specified in clause (1) due to pandemic, epidemic, act of God or for any other unavoidable circumstances as may be determined by the Government from time to time, the Government may, by notification in the official Gazette, constitute an Ad-hoc Bar Council consisting of fifteen members for a term not exceeding one year and this term shall not be further extended.

(3) The Attorney-General for Bangladesh shall be one of the members of the Ad-hoc Bar Council and shall also be its Chairman.

(4) Notwithstanding anything contained in any other provision of this Order, the Ad-hoc Bar Council shall exercise such powers and functions of the Bar Council as specified in this Order and the rules made thereunder."।

৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Ordinance, 2021 (২০২১ সনের ১ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন কৃত কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

# উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

(ক) Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972 (President's Order No. 46 of 1972) এর Article 8 অনুযায়ী গত ৩১ মে ২০২১ তারিখের মধ্যে বার কাউন্সিল নির্বাচন সম্পন্ন করিবার আইনগত বাধ্যবাধকতা থাকিলেও করোনা ভাইরাসজনিত পরিস্থিতির কারণে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হয় নাই। নির্ধারিত সময়ের মধ্যে বার কাউন্সিল নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হইলে উদ্ভূত পরিস্থিতিতে এডহক বার কাউন্সিল গঠনের কোনো বিধান উল্লিখিত Order-এ না থাকায় এডহক বার কাউন্সিল গঠন সম্পর্কিত অন্তর্বর্তীকালীন বিধান সংযোজন করিয়া গত ২৮ জুলাই ২০২১ তারিখে মহামান্য রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে 'Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Ordinance, 2021' জারি করিয়াছেন।

(খ) অতিমারি, মহামারি, দৈব ঘটনা অথবা অন্য কোনো অনিবার্য কারণে নির্ধারিত সময়ের মধ্যে বার কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হইলে উদ্ভূত পরিস্থিতিতে বার কাউন্সিলের কার্যক্রম চলমান রাখিবার জন্য বিদ্যমান Bangladesh Legal Practitioners and Bar Council Order, 1972-এ এডহক বার কাউন্সিল গঠন সম্পর্কিত বিধান সংযোজনপূর্বক 'Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Act, 2021' শীর্ষক বিল প্রস্তুত করা হইয়াছে।

(গ) বর্ণিত উদ্দেশ্য ও কারণে 'Bangladesh Legal Practitioners and Bar Council (Amendment) Act, 2021' শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদের বিবেচনার জন্য উত্থাপন করিতেছি।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd